গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
এইচআর শাখা

ডিপিডিসি'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের (২০২২-২৩) সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শাহরিয়াজ<br>এক্সিকিউটিভ ডিরেক্টর (অ্যাডমিন ও এইচ আর) |
| সভার তারিখ | ০৬/০৯/২০২২ খ্রি. |
| সভার সময় | দুপুর ২.০০ ঘটিকায় |
| স্থান | অনলাইন প্লাটফর্ম (জুম) |
| উপস্থিতি | ০১। জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী, জেনারেল ম্যানেজার (এইচ.আর) ও ফোকাল পয়েন্ট নৈতিকতা কমিটি। ০২। জনাব মোঃ রবিউল হাসান, জেনারেল ম্যানেজার (আইসিটি), আইসিটি, এনার্জি এন্ড মিটারিং, সদস্য নৈতিকতা কমিটি। ০৩। মো: তারিকুল হক, চিফ ইঞ্জিনিয়ার (ডেভেলপমেন্ট), অতিরিক্ত দায়িত্ব ও সদস্য, নৈতিকতা কমিটি। ০৪। জনাব নীহার রঞ্জন সরকার, ডিজিএম (এইচ.আর) এমপ্লয়ি ম্যানেজমেন্ট (আডমিন) ), বিকল্প ফোকাল পয়েন্ট নৈতিকতা কমিটি। ০৫। মোঃ মহিউল আলম, সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার (ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট) ও সদস্য নৈতিকতা কমিটি। ০৬। মো: মাহবুব হোসেন, ডেপুটি ম্যানেজার (এইচ.আর) ও সদস্য নৈতিকতা কমিটি। অন্যান্য উপস্থিতি: ০১। জনাব মোঃ ইমদাদুল হক, জেনারেল ম্যানেজার (ফাইন্যান্স), ডিপিডিসি। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং সম্ভাব্য সমাধানে পর্যালোচনাসহ শুদ্ধাচার কর্ম কৌশল সঠিক বাস্তবায়নই নৈতিকতা কমিটির প্রধান দায়িত্ব। অত:পর শুদ্ধাচার কর্মপরিকল্পনা দফাওয়ারী আলোচনা করা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সভায় জানানো হয়, ২০২১-২২ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভায় মোট ০৭ (সাত) টি সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন সম্পন্নপূর্বক সংশ্লিষ্ট প্রমাণক বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | - |
| ০২ | নৈতিকতা কমিটির সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন | সভায় জানানো হয়, শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রতি কোয়ার্টারে একটি করে নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এ পরিপ্রেক্ষিতে অদ্য ০৬.০৯.২০২২খ্রি. তারিখে নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে। সভায় আরো জানানো হয়, নৈতিকতা কমিটির প্রতি কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্তের শতভাগ বাস্তবায়ন করতে হবে। | গৃহীত সিদ্ধাতসমূহের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভায় জানানো হয়, ডিপিডিসি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রতি কোয়ার্টারে ০১ টি করে সর্বমোট ০৪ টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সভায় অবহিত করা হয় যে, এখন পর্যন্ত এ সংক্রান্ত সভা আয়োজিত হয়নি। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্য অনুসারে সেপ্টেম্বর ২০২২খ্রি. এর মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করা হবে। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন এর নিমিত্ত চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) কে তাগাদা পত্র প্রদান করতে হবে। |
| ০৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভায় জানানো হয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ১ম কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ সেশনের আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও উন্নয়ন) সভায় অবহিত করেন যে, চলতি মাসের মধ্যেই শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণের আয়োজন করা হবে। সভায় প্রশিক্ষক হিসেবে মন্ত্রণালয়ের প্রতিনিধি রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণ এর আয়োজন করতে হবে। |
| ০৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/অকেজো মালামাল বিনষ্টকরন/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) | সভায় জানানো হয়, ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত ০৩ (তিন) টি লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। লক্ষ্যমাত্রা তিনটি অর্জনের সময়কাল আগামী ৩০.০৬.২২ খ্রি তারিখ। সভায় অবহিত করা হয়, ০৩ (তিন) টি লক্ষ্যমাত্রার মধ্যে ইতোমধ্যে দুটি লক্ষ্যমাত্রা- ডিপিডিসি'র ওয়ার্কশপ এ সংরক্ষিত সুপার এনামেল কপার তার অপসারন **(কার্যক্রম-১)** এবং অকেজো ট্রান্সফর্মার অপসারণপূর্বক পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি **(কার্যক্রম-২)** বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। কোয়ার্টার শেষে এসংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হবে মর্মে সভায় জানানো হয়। | কোয়ার্টার শেষে এসংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হবে। |
| ০৬ | মাঠ পর্যায়ে দপ্তরসমূহের সাথে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন এবং ফিডব্যাক পর্যালোচনা | **সভায় অবহিত করা হয়, গত ২৯.০৬.২০২২খ্রি. তারিখে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সাথে এ সংক্রান্ত সভা আয়োজিত হয়েছে। সভায় আরো জানানো হয়, আগামী ৩১.১০.২০২২খ্রি. তারিখের মধ্যে** মাঠ পর্যায়ে দপ্তরসমূহের সাথে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন এবং ফিডব্যাক পর্যালোচনা সংক্রান্ত ২য় সভা আয়োজন করা হবে। | ৩১.১০.২২ এর পূর্বে সভা আহ্বান করতে হবে। |
| ০৭ | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | সভায় জানানো হয়, গত ০৭.০৭.২০২২খ্রি. তারিখে ডিপিডিসি'র ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশিত রয়েছে। এ সংক্রান্ত তথ্য ইতোমধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | মন্ত্রনালয়ে অবহিত করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | সভায় অবহিত করা হয় যে, অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ন্যূনতম ৭৫% বাস্তবায়ন করতে হবে। ১ম কোয়ার্টারে ১০% ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। কিন্তু প্রাপ্ত তথ্য অনুযায়ী এখন পর্যন্ত ৬% ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সম্পন্ন হয়েছে অর্থাৎ ১ম কোয়ার্টার টার্গেট হতে পেছনে অবস্থান করছে যা কাম্য নয়। সভায় সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাটির অর্জন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তরকে তাগাদা পত্র প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তরকে তাগাদা পত্র প্রদান করতে হবে। |
| ০৯ | বাজেট বাস্তবায়ন | সভায় জানানো হয়, বাৎসরিক ন্যূনতম ৮৫% বাজেট বাস্তবায়ন বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মোধ্য ১ম কোয়ার্টারে ৫% ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে করতে হবে। প্রাপ্ত তথ্য অনুসারে ১ম কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে অর্জন বেশি হবে বলে সভায় জানানো হয়। কোয়ার্টার শেষে এ সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হবে। সভাপতি এ সময় সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাটির অর্জন নিশ্চিতকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তরকে তাগাদা পত্র প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তরকে তাগাদা পত্র প্রদান করতে হবে। |
| ১০ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভায় জানানো হয়, বছরে সর্বোমোট ৬ টি করে PSC ও PIC সংক্রান্ত সভা আয়োজন এর লক্ষ্যমাত্রা রয়েছে। প্রথম কোয়ার্টারে PSC ও PIC সংক্রান্ত সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নেই। ২য় কোয়ার্টার এ ০১ টি করে PSC ও PIC সংক্রান্ত সভা আয়োজন এর লক্ষ্যমাত্রা রয়েছে। প্রধান প্রকৌশলী জানান ইতোমধ্যেই কিছু PSC ও PIC সভা অনুষ্ঠিত হয়েছে যদিও ১ম কোয়ার্টারে কোন টার্গেট নেই। সভায় অবহিত করা হয়, নির্ধারিত সময়ের মধ্যে PSC ও PIC সংক্রান্ত বাৎসরিক ও কোয়ার্টারলি লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে PSC ও PIC সংক্রান্ত বাৎসরিক ও কোয়ার্টারলি লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।- |
| ১১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | সভায় জানানো হয়, শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ১ম কোয়ার্টারের ৫% বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এর লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সভায় অবহিত করা হয় আগষ্ট ২০২২খ্রি. তারিখ পর্যন্ত মোট ০.৯৩% এডিপি বাস্তবায়িত হয়েছে। সেপ্টেম্বর ২০০খ্রি. তারিখের মধ্যে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য প্রধান প্রকৌশলী (উন্নয়ন) কে তাগাদা পত্র প্রদানের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | চিফ ইঞ্জিনিয়ার, ডেভেলপমেন্ট দপ্তরকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তাগাদা পত্র প্রদান করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | প্রি-পেমেন্ট মিটার স্থাপন নিশ্চিতকরণ | সভায় জনানো হয় প্রথম কোয়ার্টারের ১০ হাজার প্রিপেমেন্ট মিটার স্থাপনের লক্ষ্যমাত্রার বিপরীতে আগষ্ট ২০২২খ্রি. পর্যন্ত ৫,৯৪০ টি প্রিপেইড মিটার স্থাপন করা হয়েছে। সভায় অবহিত করা হয়, ডিপিডিসি'র বর্তমানে প্রি-পেমেন্ট মিটার এর স্বল্পতা রয়েছে। সভায় নিউ কানেশন এর ক্ষেত্রে গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে প্রিপেমেন্ট মিটার ক্রয় এর মাধ্যমে নতুন প্রিপেমেন্ট মিটার স্থাপনের বিষয়ে পরামর্শ প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে ডিপিডিসিতে রক্ষিত নিজস্ব প্রিপেমেন্ট মিটার দিয়ে প্রিপেমেন্ট মিটার স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। এ সময় মাঠ পর্যায়ের প্রিপেমেন্ট মিটার স্থাপন ত্বরান্তিত করার লক্ষ্যে এবং সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণের জন্য এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স) কে পরামর্শ পত্র প্রদানের বিষয়েও আলোচনা হয়। | ১। চিফ ইঞ্জিনিয়ার, ডেভেলপমেন্ট দপ্তরকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তাগাদা পত্র প্রদান করতে হবে।<br><br>২। এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স) কে নিউ কানেশন এর ক্ষেত্রে নতুন প্রিপেমেন্ট মিটার স্থাপনের বিষয়ে পরামর্শ প্রদান সহ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পত্র প্রদান করা হবে। |
| ১৩ | গ্রাহকের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ: গণশুনানীর আয়োজন | সভায় জানানো হয়, ১ম কোয়ার্টারে ০৯ টি গণশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে এখন পর্যন্ত ০৫ টি গণশুনানী আয়োজন এর তথ্য পাওয়া গিয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশিষ্ট গণশুনানী আয়োজনের জন্য নির্বাহী প্রকৌশলী, এনওসিএস দপ্তরসমূহকে তাগাদা পত্র প্রদান করার জন্য সভায় অরামর্শ প্রদান করা হয়। | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস দপ্তরসমূহকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তাগাদা পত্র প্রদান করতে হবে। |
| ১৪ | শুদ্ধাচার সম্বলিত ব্যানার/ফেস্টুন দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন | **সভায় জানানো হয়, ২০২২-২৩ অর্থ বছরে ৭২ টি শুদ্ধাচার সম্বলিত ব্যানার/ফেস্টুন দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন**এর লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ১ম কোয়ার্টারে এ সংক্রান্ত লক্ষ্যমাত্রা নেই। ২য় এবং ৪র্থ কোয়ার্টারে ৩৬ টি করে শুদ্ধাচার সম্বলিত ব্যানার/ফেস্টুন দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনএর লক্ষ্যমাত্রা রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে । |
| ১৫ | কাস্টমার সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর মাধ্যমে গ্রাহক অভিযোগ নিষ্পতিকরণ ও তদারকিকরণ | সভায় জানানো হয়, কাস্টমার সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে গ্রাহক অভিযোগ নিষ্পত্তি করা হচ্ছে। ১ম কোয়ার্টার শেষে এ সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক বিদ্যুৎ বিভাগে দাখিল করা হবে বলে সভায় জানানো হয়। | ১ম কোয়ার্টার শেষে এ সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক বিদ্যুৎ বিভাগে দাখিল করতে হবে । |

সভায় অবহিত করা হয় যে, কাজের স্বার্থে এবং সংশ্লিষ্টতা ও অভিজ্ঞতা বিবেচনায় ম্যানেজার শারমিন রহমানকে কমিটি-তে সভাপতি মহোদয়ের সম্মতি সাপেক্ষে কো- অপ্ট করা যায়। সভাপতি অনুমোদন প্রদান করায় কো-অপ্ট করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত বলে ঘোষণা করেন।

মোঃ শাহরিয়াজ
এক্সিকিউটিভ ডিরেক্টর (অ্যাডমিন ও এইচ আর)

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.৬৮.০০২.১৮.১০১ তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯

১৩ সেপ্টেম্বর ২০২২

বিতরণ :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিস্ট্রেইশন এন্ড এইচ.আর/ইঞ্জিনিয়ারিং/অপারেশন্স/ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) সকল প্রধান প্রকৌশলী/সকল জেনারেল ম্যানেজার/কোম্পানি সচিব, ডিপিডিসি।

৩) সিসিও টু এমডি/ সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ সকল পিডি/ সকল ডেপুটি জেনারেল ম্যানেজার/ সিএমও, ডিপিডিসি।

৪) সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস....................., ডিপিডিসি।

৫) অফিস কপি/মাস্টার ফাইল।

মোহাম্মদ হাসনাত চৌধুরী

জেনারেল ম্যানেজার (এইচ আর)